



তথ্যবিবরণী

নম্বর: ১২

**ভূমিহীন-গৃহহীনমুক্ত হলো  
ময়মনসিংহ বিভাগের আরও ৯৮০ পরিবার**

সরিষাবাড়ি (জামালপুর) (০৯ আগস্ট, ২০২৩ খ্রি.):

অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন শেখ হাসিনার মডেল হিসেবে খ্যাত আশ্রয়ণ প্রকল্পের ৪র্থ পর্যায়ের দ্বিতীয় ধাপে ময়মনসিংহের ৯৮০ ভূমিহীন-গৃহহীন উপকারভোগী প্রধানমন্ত্রীর ঘর পেলেন। জামালপুর জেলার সরিষাবাড়ি ও ইসলামপুরসহ ২টি উপজেলায় মোট ৫০টি পরিবার, ময়মনসিংহ জেলার সদর, ঈশ্বরগঞ্জ, হালুয়াঘাট, ধোবাউড়া, গফরগাঁও ও মুক্তাগাছাসহ ৬টি উপজেলায় মোট ৭৯৫টি পরিবার এবং শেরপুর জেলার সদর ও শ্রীবরদীসহ ২টি উপজেলায় মোট ১৩৫টি পরিবারের মাঝে ভূমি ও গৃহ হস্তান্তর করা হয়। এ নিয়ে চতুর্থ পর্যায়ের ২য় ধাপে আজ ময়মনসিংহ বিভাগের ৯৮০ টি পরিবার ভূমিহীন-গৃহহীনমুক্ত হলো।

চতুর্থ পর্যায়ে ঘোষণাকৃত ভূমিহীন-গৃহহীনমুক্ত ১২৩টি উপজেলার মধ্যে ময়মনসিংহ বিভাগের ১০টি উপজেলা রয়েছে। এ বিতরণের মাধ্যমে ময়মনসিংহ ও শেরপুর জেলা সম্পূর্ণ শতভাগ ভূমিহীন-গৃহহীন পুনর্বাসিত অঞ্চলে রূপ নিল। এ পর্যায়ে সারা দেশে জমিসহ ঘর পেলেন ২২ হাজার ১০১ পরিবার। এর মধ্য দিয়ে বাংলাদেশের আরো ১২৩ উপজেলাসহ শতভাগ ভূমিহীন-গৃহহীন মুক্ত হলো ৩৩৪ টি উপজেলা। দেশের আরো ১২টি জেলাসহ ২১টি জেলাকে শতভাগ ভূমিহীন-গৃহহীনমুক্তের ঘোষণা দেয়া হয়।

০৯ আগস্ট বুধবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভারুয়ালি যুক্ত হয়ে উপকারভোগীদের মাঝে জমিসহ ঘর হস্তান্তর কার্যক্রমের উদ্বোধন করেন।

এ উপলক্ষে জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলা পরিষদ সম্মেলনক্ষেত্র বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। হস্তান্তর অনুষ্ঠানের উদ্বোধন শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন।

২য় ধাপে ময়মনসিংহ বিভাগের ৯৮০টি ভূমিহীন-গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয় এবং উপকারভোগী পরিবারের নিকট জমির কবুলিয়ত, দলিল ও খতিয়ান প্রদান করা হয়। আশ্রয়ণ প্রকল্পের ধারাবাহিকতায় এবার ময়মনসিংহ জেলার ৭৯৫টি ভূমিহীন-গৃহহীন পরিবারের নিকট জমিসহ গৃহ হস্তান্তর করা হয়।

ময়মনসিংহ বিভাগে হালনাগাদকৃত 'ক' শ্রেণির ১৩০২৫টি পরিবারের মধ্যে বরাদ্দকৃত গৃহের সংখ্যা ১২,৩৫৫ টি। আরো অন্যান্য পদ্ধতিতে ৩৭৫ পরিবারকে পুনর্বাসনের মাধ্যমে সর্বমোট ১২ হাজার ৭৩০ পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে। ইতিপূর্বে নেত্রকোনা জেলার সদর, পূর্বধলা, বারহাট্টা, দুর্গাপুর, কেন্দুয়া, কলমাকান্দা, আটপাড়া, মোহনগঞ্জ, মদন এবং জামালপুরের দেওয়ানগঞ্জ, মেলান্দহ, মাদারগঞ্জ, বকশীগঞ্জ উপজেলাতেও পুনর্বাসিত করা হয়।

সরিষাবাড়ি প্রান্তে যুক্ত হয়ে স্থানীয় আলোচনায় অংশগ্রহণ করেন, ডা: মুরাদ হাসান এমপি, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালাম তানজিয়া, জামালপুরের জেলা প্রশাসক মোঃ ইমরান আহমেদ, মুক্তিযোদ্ধা লুৎফর রহমানসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং উপকারভোগীগণ।

গফরগাঁও প্রান্তে যুক্ত থেকে স্থানীয় আলোচনায় অংশগ্রহণ করেন, ফাহ্মী গোলন্দাজ বাবেল এমপি, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, গফরগাঁও উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আশরাফ উদ্দিন বাদল, গফরগাঁও উপজেলা নির্বাহী অফিসার মোঃ আবিদুর রহমানসহ গণ্যমান্য অতিথিবৃন্দ। আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী, মুক্তিযোদ্ধাগণ, বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিবৃন্দ, রাজনৈতিকবৃন্দ, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, সুধীজন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ভারুয়াল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

#

দেওয়ান/রিদওয়ান/মনির/সজিব/২০২৩/১৪:০০ ঘণ্টা